

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.২০১৭.৪৪৫

তারিখ: ১৩/০৯/২০১৭ খ্রি:

বিষয় : মোহা: কামরুজ্জামান, সহকারী গ্রন্থাগারিক, ভবানীপুর বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এর এম.পি.ও. ভুক্তি সংক্রান্ত।


সূত্র: মোহা: কামরুজ্জামান, ভবানীপুর বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

উপর্যুক্ত বিষয়সূত্রে জানানো যাচ্ছে যে, মোহা: কামরুজ্জামান গত ২৬.১০.২০১৩ তারিখে ভবানীপুর বালিকা উচ্চ বিদ্যালয় এ সহকারী গ্রন্থাগারিক পদে যোগদান করেন। মন্ত্রণালয়ের সহকারী লাইব্রেরীয়ানদের এম.পি.ও ভুক্তির বিষয়ে ২২ অক্টোবর, ২০১৩ তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী তিনি এম.পি.ও ভুক্তির জন্য আবেদন প্রেরণ করেন। মন্ত্রণালয়ের ০২.০৮.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় সহকারী লাইব্রেরীয়ানদের এম.পি.ও ভুক্তির বিষয়ে ২২ অক্টোবর ২০১৩ এ জারীকৃত পরিপত্রের ৫ নং ক্রমিক সংশোধন করে কেবল ২২ অক্টোবর ২০১৩ পর্যন্ত বিধি মোতাবেক যোগদানকারীদের ক্ষেত্রে এ সুপারিশ প্রযোজ্য হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২. ২২ অক্টোবর, ২০১৩ তারিখে জারীকৃত পরিপত্রে উল্লেখ করা হয়েছে যে, পরবর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে (কোর্স অনুমোদন থাকাসহ) লাইব্রেরী সাইন্সে কাম্য সনদ অর্জন করতে হবে। তিনি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় হতে বি.এ ডিগ্রী অর্জন করার পর রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ২০১৫-২০১৬ সালে Information & Library management বিষয়ে Post Graduate Diploma ডিগ্রী লাভ করেন।

০৩. এমতাবস্থায়, সহকারী লাইব্রেরীয়ানদের এম.পি.ও ভুক্তির বিষয়ে মন্ত্রণালয়ের ২২ অক্টোবর, ২০১৩ তারিখে জারীকৃত পরিপত্রের শর্তাদি পূরণ করায় চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ভবানীপুর বালিকা উচ্চ বিদ্যালয় এর সহকারী গ্রন্থাগারিক মোহা: কামরুজ্জামান কে এম.পি.ও. ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


(নুসরাত জবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.২০১৭.৪৪৫

তারিখ: ১৩/০৯/২০১৭ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. মোহা: কামরুজ্জামান, সহকারী গ্রন্থাগারিক, ভবানীপুর বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।